ISSN 2518-5853



মানববিদ্যা গবেষণাপত্র

কলা অনুষদ

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ-২২২৪, বাংলাদেশ

মানববিদ্যা গবেষণাপত্র

শিল্প-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণাপত্র

সপ্তম সংখ্যা ॥ আষাঢ় ১৪৩০ ॥ জুলাই ২০২৩

সম্পাদক
অধ্যাপক ড. মুশাররাত শবনম

নির্বাহী সম্পাদক
ড. জিল্লুর রহমান পল

কলা অনুষদ
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

মানববিদ্যা গবেষণাপত্র

শিল্প-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণাপত্র
সপ্তম সংখ্যা, আষাঢ় ১৪৩০, জুলাই ২০২৩
কলা অনুষদ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

সম্পাদনা পরিষদ

সম্পাদক
অধ্যাপক ড. মুশাররাত শবনম

নির্বাহী সম্পাদক
ড. জিল্লুর রহমান পল

সদস্য
অধ্যাপক ড. আহমেদুল বারী
অধ্যাপক ড. মো. জাহিদুল কবীর
জনাব রায়হানা আক্তার
ড. মো. কামাল উদ্দীন
ড. মো. তুহিনুর রহমান
জনাব মো. কাহারুল ইসলাম

সহকারী সম্পাদক
জনাব জান্নাতুল ফেরদৌস
ড. সুবীর কুমার চক্রবর্তী
ড. সৈয়দ মামুন রেজা
জনাব রেজাউল এহসান
জনাব মো. তারিফুল ইসলাম

প্রচ্ছদ
আল মঞ্জুর এলাহী

অলংকরণ ও বর্ণবিন্যাস
রং মিলান্তি, ময়মনসিংহ
০১৭১৯ ০৮৭৯৯৪, ০১৬৭১ ৪৫২১৭৬

মূল্য
২৫০ টাকা [সর্বজন]
১৫০ টাকা [নিজ শিক্ষার্থী]

কলা অনুষদ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ-এর পক্ষ থেকে ডিন, অধ্যাপক ড. মুশাররাত শবনম কর্তৃক প্রকাশিত।

Mānababidyā Gabēṣaṇāpatra (The Research Journal of Humanities), ISSN 2518-5853. A yearly Research Journal of art, culture and literature. 7th Issue, Asharh 1430, July 2023. Cover Design: Al Monjur Elahi. Edited and Published by Professor Dr. Musarrat Shabnam, Dean, Faculty of Arts, Jatiya Kabi Kazi Nazrul Islam University, Trishal, Mymensingh, Bangladesh.

CamScanner

মানববিদ্যা গবেষণাপত্র

শিল্প-সাহিত্য-সংস্কৃতি বিষয়ক গবেষণাপত্র
সপ্তম সংখ্যা, আষাঢ় ১৪৩০, জুলাই ২০২৩
কলা অনুষদ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়
ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

সূচি

বাংলাদেশে ওটিটি প্লাটফর্ম : সমস্যা ও সম্ভাবনা বিশ্লেষণ ০৭-২৮
মোঃ জিল্লুর রহমান পল

চিরস্মরণীয় শ্যামল মিত্র : ছায়াছবির গান ও আধুনিক বাংলা গান প্রসঙ্গ ২৯-৪৮
দেবাশীষ বেপারী

ইমাম যাত্রা 'শহীদ কারবালা' : বিষয় ও পরিবেশনা আঙ্গিক ৪৯-৭২
ইসমত আরা ভূঁইয়া ইলা

আহমদ ছফার উপন্যাস *অলাতচক্র* : শরণার্থীজীবনের কথাচিত্র ৭৩-৯২
ইফ্‌ফাত আরা ইভা

নারী নির্মিত মূলধারার চলচ্চিত্রে "নারী দৃষ্টি" : একটি গুণগত বিশ্লেষণ ৯৩-১২২
মো. আব্দুল করিম

হবিগঞ্জ অঞ্চলের 'গারুই ব্রত' : ধরন, রীতি ও স্বরূপ ১২৩-১৩৪
নাঈমা আক্তার

***চিঠিপত্র নবম খণ্ড* : রবীন্দ্রনাথ ও হেমন্তবালা দেবীর সম্পর্কের সমীকরণ ও স্বাতন্ত্র্যবোধ** ১৩৫-১৫৪
শামীম আরা

উত্তর ভারতীয় রাগ সংগীতের সমৃদ্ধিতে আমীর খসরুর অবদান ১৫৫-১৬৪
আকলিমা ইসলাম কুহেলী

প্রতিবেশতত্ত্বের আলোকে : নোয়াখালী অঞ্চলের বিয়ের গীতে উপকূলীয় পরিবেশ ১৬৫-১৮০
নাজিয়া ফেরদৌস

CamScanner

রবীন্দ্র-চিত্রকলার বিষয়বৈচিত্র্য : পর্যবেক্ষণ ও পর্যালোচনা ১৮১-১৯৪
মো: মানিক মিয়া

ময়মনসিংহ অঞ্চলের ঘাটু গানের ভাষারীতি ও সুরবৈচিত্র্য ১৯৫-২১০
কানিজ খন্দকার মিতু

জীবন সন্ধানে নজরুল : প্রসঙ্গ *মৃত্যুক্ষুধা* ২১১-২২৮
বায়েজিদ হাসান

মৈমনসিংহ-গীতিকায় নারীর স্বতন্ত্র সত্তা : জেন্ডার আলোচনার পুনর্পাঠ ২২৯-২৪৪
মেজবাহ উদ্দিন ফাহিম

Prevention of Sexual Harassment of Female Students at Educational Institutions: Analysis of Laws and Policies of Bangladesh ২৪৫-২৫৬
Mohammad Irfan Aziz

Impact of Natural Disasters in Bangladesh: A Secondary Analysis ২৫৭-২৮২
Md. Reazul Islam & Ahsanul Haque Rifat

Capitalism and Environmental Destruction in R.K. Narayan's *The Man-Eater of Malgudi*: An Eco-Marxist Analysis ২৮৩-২৯৬
A.K.M. Masudul Mannan

Health and Socio-economic Effects of COVID-19 on the Peoples of Sadar Dakshin Upazila of Cumilla ২৯৭-৩১৮
Md. Belal Hossain

On the Problematic of Anglophone Tradition : The Bangladeshi Poet Kaiser Haq in Focus ৩১৯-৩৩৮
Kazi Shahidul Islam

The Tree Shouldn't be Happy: An Ecofeminist Reading of Shel Silverstein's The Giving Tree ৩৩৯-৩৫০
Jainab Tabassum Banu

Tagore in China: Role of Bengali Language and Literature in Envisioning Modern Chinese Literature ৩৫১-৩৬০
Shah Md Ariful Abed

CamScanner

মানববিদ্যা গবেষণাপত্র ॥ সপ্তম সংখ্যা ॥ আষাঢ় ১৪৩০ ॥ জুলাই ২০২৩ ॥ ISSN 2518-5853
কলা অনুষদ ॥ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

চিরস্মরণীয় শ্যামল মিত্র : ছায়াছবির গান ও আধুনিক বাংলা গান প্রসঙ্গ

দেবাশীষ বেপারী*

সার-সংক্ষেপ: ছায়াছবির গান ও আধুনিক বাংলা গানের শ্রোতাদের হৃদয় বিজয়ী শিল্পী শ্যামল মিত্র (১৯২৯-১৯৮৭)। স্বকীয় কণ্ঠ শৈলীর অনবদ্য ছোঁয়ায় আধুনিক বাংলা গানের ভুবন ও ছায়াছবির গানের ভুবন নির্মাণের সফল রূপকার শ্যামল মিত্র। ছায়াছবির নেপথ্য কণ্ঠ দানে শ্যামল মিত্রের খ্যাতির অন্যতম কারণ তার চির তরুণ কণ্ঠ আর অনুনাসিক টোন। অত্যন্ত প্রাণছোঁয়া গায়কীতে ও বাণী ও সুরের সরল প্রক্ষেপণ শ্যামল মিত্র কে শ্রোতা প্রিয় করেছে গানের ভুবনে। বাংলা ছায়াছবির জগতে ও আধুনিক বাংলা গানের ভুবনে মধুময় কণ্ঠধারী শিল্পী হিসেবে পরিচিত ছিলেন শ্যামল মিত্র। বাংলা গানের লক্ষ কোটি শ্রোতার মনে আজো আশার দীপ জ্বলে ওঠে শ্যামল মিত্রের সুর স্মরণে। আবার কেউ কেউ জীবনে ফুলের মেলা ভেঙে যাওয়ার বেদনায় সঙ্গী করেছে শ্যামল মিত্রের গান। শ্যামল মিত্র ছিলেন মধুময় কণ্ঠধারী শ্রোতানন্দিত এক শিল্পী। সুকৌশলে কণ্ঠ প্রক্ষেপণের মাধ্যমে বাংলা গানকে করেছেন ঐশ্বর্যমণ্ডিত। গায়ক ও সুরকার হিসেবে অপ্রতিদ্বন্দ্বী শ্যামল মিত্র শ্রোতাদের চিরপ্রিয় শিল্পীতে পরিণত হয়েছেন চিরদিনের জন্য। শ্যামল মিত্র তাঁর গানে শ্রোতাদের নানা সময়ে স্মৃতি ব্যাকুল করেছেন নানা উপমা ধরে, তার মধ্যে অন্যতম চৈতালি চাঁদ, হংসপাখা, স্বপ্নে দেখা রাজকন্যা, ঝিরি ঝিরি বাতাসের কান্না, গানে ভুবন ভরা পাখি, সোনাঝরা সন্ধ্যা, জীবন খাতার পাতা, ফুলে ফুলে ঢাকা প্রেমের সমাধি, রাজার পঙ্খী প্রভৃতি। শ্যামল মিত্র যেসব স্মৃতি ও গীতিময় গান দিয়ে ছায়াছবির গানের ভুবন ও আধুনিক বাংলা গানের ভুবন বহুবিধ রূপে চিত্রিত করেছেন সেসব গান রচনার প্রসঙ্গ আলোচিত হয়েছে এ প্রবন্ধে। এ প্রবন্ধ পাঠে নবীন ও প্রবীণ গানপ্রিয় বাঙালি শ্যামল মিত্র সম্পর্কে, বাংলা ছায়াছবির স্বর্ণযুগের গান সম্পর্কে স্বচ্ছ ধারণা পাবেন বলে প্রত্যাশা।

চাবিশব্দ: শিল্পী শ্যামল মিত্র, ছায়াছবির গান, আধুনিক বাংলা গান, সুকণ্ঠ গায়ক, অমর সুরকার শ্যামল মিত্র

---

* সহযোগী অধ্যাপক, সংগীত বিভাগ, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ, বাংলাদেশ

CamScanner

বাংলা ছায়াছবির গানে যে মোহনীয়তা, যে রোমান্টিসিজম এনেছিলেন শ্যামল মিত্র তাঁর পরিশীলিত গায়কী ও সুরারোপের মাধ্যমে তা চিরদিনের জন্য বাঙালি শ্রোতাদের মনে অবিস্মরণীয় হয়ে রয়েছে। গানের সাথে প্রথম জড়িয়ে পড়েছিলেন শ্যামল মিত্র ১৯৫০ সালে 'সুনন্দার বিয়ে' নামক চলচ্চিত্রে প্লেব্যাকের মাধ্যমে। এটি ছিল তাঁর জীবনের প্রথম ছায়াছবির নেপথ্য কণ্ঠ দান। এ গানের কথা লিখেছিলেন সুধীর সরকার, সুর ও সংগীত পরিচালনা করেছিলেন শ্যামল মিত্রের গুরু সুধীর লাল চক্রবর্তী। বাংলা ছায়াছবির ও আধুনিক গানের ইতিহাস সগৌরবের। বাংলা গান তথা ছায়াছবির গানে শ্যামল মিত্রের মায়া ভরা কণ্ঠের আবেদন চিরআধুনিক রূপলাভ করেছে বহু আগেই। ছায়াছবির গানে আধুনিক গানের স্বর্ণযুগ হিসেবে বিবেচিত পঞ্চাশ ও ষাটের দশকের কৃতিশিল্পী, সুরকার ও সংগীত পরিচালক শ্যামল মিত্র বাঙালির প্রাণে সুরের পরশে যে দোলা দিয়েছিল, সে সুরের মায়ায় বাঙালি শ্রোতার আজও হৃদয় মথিত হয়। বাঙালি শ্রোতাদের হৃদয় সুবাসিত হয় শ্যামল মিত্রের গানের স্নিগ্ধ গন্ধে। শুরু থেকে শেষ পর্যন্ত শ্যামল মিত্র জীবনে সংগীত বিষয়ক যত কর্মকাণ্ডে নিজেকে জড়িয়েছেন প্রত্যেকটিতে তিনি সফল হয়েছিলেন। তখনকার সময়ে চলচ্চিত্রের গানে ও বেসিক বাংলা গানের নামিদামী সকল গুণী শিল্পীরা শ্যামল মিত্রের সুরে অথবা সংগীত পরিচালনায় গান করেছেন। সুগায়ক শ্যামল মিত্র প্রায় ১০০ ছায়াছবিতে নেপথ্য কণ্ঠ শিল্পী হিসেবে গান গেয়েছেন। সংগীত পরিচালনা করেছেন প্রায় ৬০টি ছায়াছবিতে। ১৫০টির অধিক বেসিক গান (মৌলিক) রেকর্ড করেছেন। আধুনিক বাংলা গানের প্রথম রেকর্ড: **জানি গো বন্ধু জানি** (এইচ.এম.ভি ১৯৪৮)। খ্যাতির শীর্ষে পৌঁছেছেন যে গানের মাধ্যমে- স্মৃতি তুমি বেদনার আজিও কাঁদিছে (১৯৫২)।

এক.

ছায়াছবির গান

শ্যামল মিত্রের ছায়াছবিতে প্রথম গান 'বেদনার ভৈরবী গাহে শুনিস কিরে'। ছায়াছবির নাম সুনন্দার বিয়ে (১৯৫১) গীতিকার-সুধীর সরকার, সুর-সুধীর লাল চক্রবর্তী, কাহিনী ও চিত্রনাট্য পরিচালনা- সুধীর সরকার। ছায়াছবির গানের প্রথম সংগীত পরিচালনা- নীরেন লাহিড়ী পরিচালিত- **লাখ টাকা (১৯৫৩)**। শ্যামল মিত্র ও উত্তম কুমার ছিলেন ঘনিষ্ঠ বন্ধু। উত্তম কুমারের লিপে গান গেয়ে বাংলা ছায়াছবির জগতে ও বাঙালি শ্রোতাদের কাছে শ্যামল মিত্র চিরস্মরণীয় হয়ে রয়েছেন। 'সাড়ে চুয়াত্তর' ছবিতে উত্তম

CamScanner